বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

## প্রেস রিলিজ

অদ্য ২৩ নভেম্বর ২০২৫ তারিখে কমনওয়েলথ মহাসচিব শার্লি বোচওয়ে বাংলাদেশ সফরকালে মাননীয় প্রধান নির্বাচন কমিশনার জনাব এ এম এম নাসির উদ্দিনের সঙ্গে সকাল ১১টায় সৌজন্য সাক্ষাৎকারে মিলিত হন।

কমনওয়েলথ মহাসচিবের প্রতিনিধি দলের সঙ্গে নির্বাচন কমিশনের আসন্ন জাতীয় নির্বাচনের সার্বিক প্রস্তুতি বিষয়ক বৈঠকে কমিশনের পক্ষ থেকে বিভিন্ন অগ্রগতি এবং নতুন উদ্যোগ সম্পর্কে বিস্তারিত তুলে ধরা হয়।

### নির্বাচন প্রস্তুতির অগ্রগতি

নির্বাচন কমিশনের প্রস্তুতি ও অগ্রগতি সম্পর্কে প্রতিনিধি দলকে জানানো হয় যে ভোটগ্রহণের জন্য প্রয়োজনীয় সকল সামগ্রী প্রস্তুত রয়েছে। প্রথমবারের মতো বিদেশে বসবাসকারী বাংলাদেশিদের জন্য ভোটদান OCV (Out of Country Voting) প্রক্রিয়া এগিয়ে চলছে যা দেশের নির্বাচনি ইতিহাসে একটি গুরুত্বপূর্ণ অন্তর্ভুক্তি। এ ছাড়া নির্বাচনী কার্যক্রমে সম্পৃক্ত ভোটার , আইনি হেফাজতে থাকা ভোটার, নিজ ভোটার এলাকার বাইরে অবস্থানরত সরকারী চাকরীজীবিসহ প্রায় ১০ লক্ষ ভোটারকে ICPV (In-Country Postal Voting) ভোট সুবিধার আওতায় আনা হচ্ছে।

জাতীয় নির্বাচনের পাশাপাশি একদিনে গণভোট আয়োজন নির্বাচন কমিশনের জন্য অতিরিক্ত দায়িত্ব হলেও প্রস্তুতি সুষ্ঠুভাবে এগোচ্ছে। প্রতিনিধি দল সার্বিক ব্যবস্থা এবং কর্মপরিকল্পনা সম্পর্কে অবহিত হয়ে আশাবাদ ব্যক্ত করেন যে এই চ্যালেঞ্জ মোকাবিলায় কমিশন সফল হবে।

### ভোটার তালিকা ও নারী ভোটারদের অংশগ্রহণ

হালনাগাদ ভোটার তালিকা থেকে মৃত ভোটারদের নাম বাদ দেওয়া হয়েছে। নারী ভোটারদের অংশগ্রহণ ও পরিসংখ্যান সম্পর্কেও প্রতিনিধি দলকে জানানো হয়, যা তারা ইতিবাচক উদ্যোগ হিসেবে বিবেচনা করেন।

### ভুয়া খবর, ভুল তথ্য ও অপতথ্য মোকাবিলা

কমিশন জানায় যে, নির্বাচনকে ঘিরে মিসইনফরমেশন, ডিজইনফরমেশন ও ফেক নিউজ প্রতিরোধে প্রস্তুতি নেয়া হয়েছে এবং তা চলমান থাকবে। গণমাধ্যমের মাধ্যমে নিয়মিত তথ্য প্রদান করা হচ্ছে এবং প্রয়োজন অনুযায়ী কার্যক্রম আরও সম্প্রসারণ করা হবে।

প্রতিনিধি দল মন্তব্য করে যে, নির্বাচন ব্যবস্থার ওপর জনআস্থা অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং এ ক্ষেত্রে প্রচার-প্রচারণা জোরদার করা প্রয়োজন। কমিশন জানায় যে, রাজনৈতিক দলগুলোর সহযোগিতায় অবাধ, নিরপেক্ষ ও গ্রহণযোগ্য ও অংশগ্রহণমূলক নির্বাচন আয়োজনের লক্ষ্যে তারা কাজ করছে।

নির্বাচন কমিশন বিদেশি পর্যবেক্ষকদের স্বাগত জানায় এবং একটি সর্বজন স্বীকৃত, সুষ্ঠু নির্বাচনের আশাবাদ ব্যক্ত করে।

### আইন-শৃঙ্খলা পরিস্থিতি ব্যবস্থাপনা

নির্বাচন কমিশন জানায়, সারা দেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়মিত পর্যালোচনা করা হচ্ছে এবং সার্বিক পরিস্থিতি শান্ত এবং স্বাভাবিক রাখার ব্যবস্থা নেয়া হচ্ছে। প্রতিনিধি দল এ প্রস্তুতিকে ইতিবাচক হিসেবে উল্লেখ করে।

সৌহার্দ্যপূর্ণ আলোচনার মাধ্যমে বৈঠক শেষ হয়। আসন্ন নির্বাচনে কমিশনের প্রস্তুতি, অগ্রগতি ও পরিকল্পনা সম্পর্কে প্রতিনিধি দল আস্থা ও আশাবাদ ব্যক্ত করে সভার সমাপ্তি ঘোষণা করেন। উক্ত বৈঠকে আরও উপস্থিত ছিলেন রাষ্ট্রদূত ও সেক্রেটারি-জেনারেলের চিফ অব স্টাফ কোয়াবেনা অসেই-ডানকোয়া, উপদেষ্টা ও প্রধান (এশিয়া রিজিয়ন) ড. দিনুশা পান্ডিতারত্নে, অ্যাসিস্ট্যান্ট রিসার্চ অফিসার সার্থক রায়, অফিস ম্যানেজার আরনেস্টিনা বোয়াকিয়ে-ইয়াদম, এবং সিনিয়র কমিউনিকেশনস অফিসার স্লোবার আব্বাসি।

২৩/১১/২৫

মোঃ রুহুল আমিন মল্লিক
পরিচালক (জনসংযোগ)
নির্বাচন কমিশন সচিবালয়
আগারগাঁও, ঢাকা।

অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd